

AKASHVANI (Kolkata)
Regional News Unit

Date : 01.03.2025

Desk in Charge : SDG

Time : 7.35 AM

Compiling & NR : NBR

DEO : KB

Opening Announcement :- আকাশবাণী, খবর পড়ছিঃ-

বিশেষ বিশেষ খবর -

১/ দেশের মুখ্য নির্বাচন কমিশনারের নিয়োগের নিরপেক্ষতা নিয়ে মুখ্যমন্ত্রী প্রশ্ন তোলায়, রাজনৈতিক তরজা তুঙ্গে।

বিরোধী দলনেতা এবিষয়ে মুখ্য নির্বাচন কমিশনারকে চিঠি দিয়েছেন।

তৃণমূল কংগ্রেস আজ থেকেই ভুয়ো ভোটার যাচাই-এর কাজ শুরু করছে।

২/ রাজ্যে এবার রেকর্ড ৭ লক্ষ টন পেঁয়াজ উৎপাদন হয়েছে। পেঁয়াজ সংরক্ষণে এই প্রথম বিভিন্ন জেলায় সরকারি উদ্যোগে সংরক্ষণ কেন্দ্র গড়ে তোলা হচ্ছে।

৩/ আসন্ন উচ্চমাধ্যমিক পরীক্ষা উপলক্ষ্যে পরিবহন দপ্তর তাদের সংশ্লিষ্ট রুটগুলিতে পরীক্ষার দিনে বিশেষ বাস পরিষেবা দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে।

৪/ নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ ঠাকুর শ্রীরামকৃষ্ণ পরমহংস দেবের ১৯০-তম জন্মতিথি উদযাপিত হচ্ছে।

আগামীকাল থেকে শুরু হচ্ছে পবিত্র রমজান মাস।

৫/ ISL ফুটবলে আজ মোহনবাগান সুপার জায়ান্ট মুম্বাই সিটি এফ সি-র বিরুদ্ধে খেলবে।

দেশের মুখ্য নির্বাচন কমিশনারের নিয়োগের নিরপেক্ষতা নিয়ে মুখ্যমন্ত্রী প্রশ্ন তোলায়, রাজনৈতিক তরঙ্গ তুঙ্গে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী তাঁর কঠোর সমালোচনা করে গতকাল নির্বাচন কমিশনকে এবিষয়ে একটি চিঠি দেন। তাঁর অভিযোগ, রাজ্যের সমস্ত সাংবিধানিক সংস্থাকে নিষ্কায় করে এখন মুখ্যমন্ত্রী নির্বাচন কমিশনারের নিয়োগ বিষয়ে প্রশ্ন তুলছেন। মুখ্যমন্ত্রী তাঁর দলীয় কর্মীদের যেভাবে ভোটার তালিকা যাচাই করার কথা বলেছেন, তার প্রেক্ষিতে তিনি বলেন, কোনো রাজনৈতিক দলেরই এব্যাপারে হস্তক্ষেপ করার অধিকার নেই। পরে শ্রী অধিকারীর নেতৃত্বে বিজেপির এক প্রতিনিধি দল, রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরে স্মারকলিপি জমা দেয়। সাংবাদিকদের শুভেন্দু বলেন, এধরনের মন্তব্য মুখ্যমন্ত্রীর এক্তিয়ার বহির্ভূত।

(বাইট- শুভেন্দু ৭.৩৫)

এদিকে, রাজ্যের পুর ও নগরোন্নয়ন মন্ত্রী ফিরহাদ হাকিম গতকাল পুর ভবনে সাংবাদিকদের সঙ্গে এক বৈঠকে জানান, মুখ্যমন্ত্রীর নির্দেশমতো ভোটার তালিকা থেকে ভুয়ো ভোটার বাদ দেবার বিষয়ে দল ইতিমধ্যেই তৎপর হয়েছে। কাউন্সিলার ও জেলা নেতৃত্বের পাশাপাশি তিনি নিজে যাচাই-এর কাজ করবেন।

(বাইট- ফিরহাদ ৭-৩৫)

অন্যদিকে, কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী বলেন, দোষারোপ, পাল্টা দোষারোপ না করে বৈধ ভোটাররা যাতে ভোট দেবার অধিকার পান, তা' দেখা উচিত।

(বাইট- অধীর ৭)

রাজ্য বিধানসভার বাজেট অধিবেশনের দ্বিতীয় পর্বের সূচনা হবে আগামী ১০ মার্চ। এই পর্বে রাজ্য সরকারের বিভিন্ন দফতরের বাজেট বরাদ্দ নিয়ে বিধানসভায় আলোচনা হবে। অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন, আপাতত সরকারের ছ'টি দফতরের বাজেট বরাদ্দ নিয়ে অধিবেশনে আলোচনা চলবে বলে স্থির হয়েছে।

৭ই মার্চ বিধানসভার কার্য উপদেষ্টা কমিটির বৈঠক বসবে। সেখানে এই অধিবেশনের সূচি চূড়ান্ত করা হবে। তবে স্বরাষ্ট্র ও পার্বত্য বিষয়ক দপ্তরের বাজেট বরাদ্দ

নিয়ে এই অধিবেশনে আলোচনা হবে কিনা সে ব্যাপারে এখনো কোনো সিদ্ধান্ত নেওয়া হয়নি।

এদিকে, উপরাষ্ট্রপতি জগদীপ ধনখড় বিধানসভায় বক্তব্য রাখার আগ্রহ প্রকাশ করার প্রেক্ষিতে অধ্যক্ষ জানিয়েছেন, বাজেট অধিবেশন শেষ হলেই তিনি বিষয়টি নিয়ে উপরাষ্ট্রপতির দফতরের সঙ্গে যোগাযাগ করবেন।

রাজ্য এবার রেকর্ড ৭ লক্ষ টন পেঁয়াজ উৎপাদন হয়েছে। পেঁয়াজ সংরক্ষণে এই প্রথম বিভিন্ন জেলায় সরকারি উদ্যোগে সংরক্ষণ কেন্দ্র গড়ে তোলা হচ্ছে।

পূর্ব বর্ধমানের পূর্বস্থলী ও কালনা, হুগলির বলাগড় ও আদিসপ্তগ্রাম, মুর্শিদাবাদের নওয়াদা ও সাগরদিঘি, নদীয়ার হাঁসখালি এবং মালদার গাজোলে ৪০ টন ধারণ ক্ষমতা সম্পন্ন ৮টি বড় সংরক্ষণাগার নির্মাণের কাজ শেষ পর্যায়ে রয়েছে বলে কৃষি বিপণন দফতর সূত্রে খবর। এছাড়া আরো ন'টি জেলায় ৯১৭টি ছোট পেঁয়াজ সংরক্ষণাগার তৈরির কাজ চলছে।

এখানে কৃষকরা স্বল্প মূল্যে নিজেদের উৎপাদিত পেঁয়াজ সংরক্ষণ করার সুযোগ পাবেন। এর ফলে লক্ষাধিক মেট্রিক টন পেঁয়াজ সংরক্ষণ করা সম্ভব হবে।

এদিকে, রাজ্য নতুন পেঁয়াজ উঠতে শুরু করায় বাজারেও দাম কমবে বলে আশা করা হচ্ছে। রাজ্য সরকারের টাক্ষ ফোর্সের সদস্য কমল দে জানান, কয়েকদিনের মধ্যে রাজ্যের পেঁয়াজও কলকাতার খুচরো বাজারে বেশি পরিমাণে মিলবে। তখন সবধরনেরই পেঁয়াজের দাম কমবে।

‘জাতীয় কৃষি ও ধার্মোন্যন ব্যাংক’- নাবার্ড, ২০২৫-২৬ অর্থবর্ষে পশ্চিমবঙ্গের বিভিন্ন ক্ষেত্রে উন্নয়নের জন্য ৩ লক্ষ ৮০ হাজার কোটি টাকা ঋণ দেওয়ার লক্ষ্যমাত্রা স্থির করেছে। যা চলতি আর্থিক বছরের তুলনায় ২০ দশমিক $6/3$ শতাংশ বেশি। কলকাতায় গতকাল ঋণ বিষয়ক এক আলোচনাচক্রে নাবার্ডের মুখ্য জেনারেল ম্যানেজার- CGM পি. কে. ভরদ্বাজ এই ঘোষণা করেন। তিনি জানান, সম্ভাব্য ঋণ লক্ষ্যমাত্রার মধ্যে

কৃষি, কৃষি-পরিকাঠামো ও এসংক্রান্ত কাজকর্মের জন্য ৩৩.৪২ শতাংশ অর্থাৎ ১ লক্ষ ২৭ হাজার কোটি টাকা বরাদ্দ করা হয়েছে।

গরম পড়ার আগেই ডেঙ্গু প্রতিরোধে ব্যবস্থা নিতে রাজ্য সরকার তৎপর হয়েছে। গতকাল নবান্নে সব জেলাশাসক, কলকাতা পুরসভা সহ সংশ্লিষ্ট সমস্ত দফতরের সঙ্গে এব্যাপারে বৈঠক করেন মুখ্যসচিব মনোজ পন্থ। উপস্থিত ছিলেন স্বাস্থ্য সচিব নারায়ণ স্বরূপ নিগম সহ দফতরের কর্তারা।

জানা গেছে, কোথাও জল জমে থাকছে কিনা তা দেখার জন্য বাড়ি বাড়ি গিয়ে সমীক্ষা করার কাজ ফের শুরু করার নির্দেশ দেওয়া হয়েছে। মশার লার্ভা মারার জন্য ড্রোনের মাধ্যমে ওষুধ স্প্রে করার পাশাপাশি ডেঙ্গু মোকাবিলায় সাধারণ মানুষকে সচেতন করার কাজ শুরু করতে পঞ্চায়েত ও পুরসভাকে নির্দেশ দেওয়া হয়েছে। এ'ব্যাপারে হাসপাতালগুলিকেও প্রস্তুত থাকতে বলেছে প্রশাসন।

আসন্ন উচ্চমাধ্যমিক পরীক্ষা উপলক্ষ্যে পরিবহন দপ্তর তাদের সংশ্লিষ্ট রুটগুলিতে পরীক্ষার দিনে বিশেষ বাস পরিষেবা দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে। 'পশ্চিমবঙ্গ পরিবহন নিগম'- WBTC-র পক্ষে ওই দিনগুলিতে দুটো শিফট- সকাল সাড়ে ৫'টা থেকে ১০'টা এবং দুপুর দেড়টা থেকে বিকেল ৫'টা পর্যন্ত বেশি পরিমাণ বাস পরিষেবা দেওয়া হবে। বাসের সামনে " EXAMINATION SPECIAL" লেখা বোর্ড লাগানো থাকবে। নেওয়া হবে স্বাভাবিক ভাড়াই। পাশাপাশি যান্ত্রিক সমস্যার জন্য কোন গাড়ি বাতিল হলে বিকল্প গাড়ি যাতে দেওয়া যায় সেই ব্যবস্থা থাকছে।

এদিকে, পরীক্ষার দিনগুলিতে 'দক্ষিণবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ সংস্থা'- SBSTC'ও অতিরিক্ত বাস চালাবে। নন স্টপ হিসেবে চলা বাসগুলি সমস্ত স্টপেজে দাঁড়াবে। স্টপেজ না থাকলেও কোনো পরীক্ষার্থী নামতে চাইলেও তাঁকে নির্দিষ্ট সেই স্টপেজে নামিয়ে দেওয়া হবে বলে SBSTC সূত্রের খবর। একইভাবে, 'উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ সংস্থা'-NBSTC'ও অতিরিক্ত পরিষেবা দেবে।

উল্লেখ্য, আগামী তেসরা মার্চ থেকে এবছরের উচ্চমাধ্যমিক পরীক্ষা শুরু হচ্ছে।

বাঘ সংরক্ষণে অবদানের জন্য পুরুলিয়া সহ জঙ্গলমহলের বনকর্মীদের সম্মান জানানো হয়েছে। পুরুলিয়ার বান্দোয়ানের কুইলাপালে গতকাল একটি অনুষ্ঠানের মধ্য দিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির দেওয়া শংসাপত্র ৫৫ জন বনকর্মী ও আধিকারিকদের হাতে তুলে দেওয়া হয়। বনমন্ত্রী বীরবাহা হাঁসদা বলেন, বনাঞ্চল রক্ষায় কাজ চালিয়ে যাওয়া কর্মীদের এই স্বীকৃতি বহুদিন আগেই প্রাপ্য ছিল।

(বাইট- বীরবাহা)

নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ ঠাকুর শ্রীরামকৃষ্ণ পরমহংস দেবের ১৯০-তম জন্মতিথি উদযাপিত হচ্ছে। এই উপলক্ষ্যে বেলুড় মঠের মূল মন্দিরে ভোর সাড়ে চারটোয় শুরু হয় মঙ্গল আরতি। বৈদিক মন্ত্র পাঠ এবং স্তবগানের মধ্য দিয়ে সকাল সাততায় বিশেষ পূজা ও হোমযজ্ঞ শুরু হয়েছে।

সারাদিন ধরে সভা মন্ডপে শ্রীরামকৃষ্ণ বন্দনা, কথামৃত পাঠ ও ব্যাখ্যায় সহ নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। ভক্তদের জন্য থাকছে প্রসাদ বিতরণের ব্যবস্থা। আজ সন্ধ্যায় আরতির মধ্য দিয়ে উৎসবের সমাপ্তি হবে।

এদিকে, শ্রীরামকৃষ্ণের জন্মস্থান ভুগলির কামার পুরুরে রামকৃষ্ণ মঠে নানা ধর্মীয় অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। সেখানেও বহু ভক্ত সমাগম সকাল থেকেই। জয়রামবাটী মাত্র মন্দিরসহ রামকৃষ্ণ মঠ মিশনের অন্যান্য শাখা কেন্দ্রে ও বিভিন্ন সংঘে চলছে পুজোপাঠ।

আগামীকাল থেকে শুরু হতে চলেছে পবিত্র রমজান মাস। নাখোদা মসজিদের পক্ষ থেকে গতকাল এক বিবৃতিতে জানানো হয়, মুবারক মাসের চাঁদ দেখা না দেওয়ায় আগামীকাল দোসরা মার্চ থেকে রমজান মাস পালন করা হবে। এই উপলক্ষ্যে প্রধানমন্ত্রী ও মুখ্যমন্ত্রী দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছে।

বর্ধমান সংস্কৃতি লোকমধ্যে গতকাল থেকে শুরু হয়েছে আন্তর্জাতিক পুতুল নাট্য উৎসব। বর্ধমান দি পাপেটিয়ার্সের উদ্যোগে এবং ভারত সরকারের সংস্কৃতি মন্ত্রকের আর্থিক সহায়তায় আয়োজিত এই পুতুল নাট্য উৎসব চলবে আগামীকাল পর্যন্ত।

তিনি দিনে মোট সাতটি নাটক পরিবেশিত হবে। এর মধ্যে ইতালির দুটি, ত্রিপুরার ও আসামের একটি করে এবং বাকিগুলি এরাজ্যের।

মোহনবাগান সুপার জায়ান্ট আজ ISL ফুটবলে মুম্বাই সিটি FC-র বিরুদ্ধে খেলবে। মুম্বাই ফুটবল এরিনায় খেলা শুরু হবে বিকেল পাঁচটায়।

মোহনবাগান ২২ ম্যাচে ৫২ পয়েন্ট নিয়ে লিগ শীর্ষে রয়েছে। অন্যদিকে, মুম্বাই CT FC ২১ ম্যাচে ৩২ পয়েন্ট পেয়ে ষষ্ঠ স্থানে আছে।

মোহনবাগান ইতিমধ্যেই লিগ শিল্ড জয় করেছে। কোচ হোসে মোলিনা বলেছেন, জয়ের ধারাবাহিকতা বজায় রাখাই তাঁর লক্ষ্য।
